বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা
www.caab.gov.bd

নং-৩০.৩১.০০০০.২১১.০১.০১৭.১৯- ৪৪৫০ তারিখঃ ১১/১১/২০১৯

# নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের নিম্নবর্ণিত শূন্য পদসমূহ অস্থায়ীভাবে পূরণের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের (পুরুষ/মহিলা) নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

## 'ক' বিভাগ

| ক্রমিক নং | পদের নাম, বেতনস্কেল ও গ্রেড (জাতীয় বেতনস্কেল-২০১৫) | প্রার্থীর বয়স | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সকল জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই |
|---|---|---|---|---|---|
| ১। | রেডিও টেকনিশিয়ান<br>টাঃ ১১৩০০-২৭৩০০/-<br>গ্রেড-১২ | বয়সসীমা ১৮ হতে ৩০ বৎসরের মধ্যে | ৮(আট)টি | ক) অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে পদার্থ বিদ্যা এবং অংকসহ অন্যূন স্নাতক ডিগ্রি অথবা রেডিও ইলেকট্রনিকস ডিপ্লোমা।<br>খ) নির্ধারিত প্রশিক্ষণ কোর্সে সফল হওয়ার পর স্থায়ী করা হবে। | সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
| ২। | সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর<br>টাঃ ১০২০০-২৪৬৮০/-<br>গ্রেড-১৪ | বয়সসীমা ১৮ হতে ৩০ বৎসরের মধ্যে | ৩(তিন)টি | ক) উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট এবং<br>খ) প্রতি মিনিটে সাঁট-লিপিতে গতি ইংরেজী ৭০ শব্দ ও বাংলায় ৪৫ শব্দ এবং<br>গ) প্রতি মিনিটে কম্পিউটার মুদ্রাক্ষরে সর্বনিম্ন গতি ইংরেজিতে ৩০ শব্দ ও বাংলায় ২৫ শব্দ। | নরসিংদী, গোপালগঞ্জ, মাদারীপুর, শরিয়তপুর, টাঙ্গাইল, চট্টগ্রাম, চাঁদপুর, কুমিল্লা, খাগড়াছড়ি, ফেনী, লক্ষ্মীপুর, নোয়াখালী, জয়পুরহাট, পাবনা, সিরাজগঞ্জ, নড়াইল, বরিশাল, ভোলা, ঝালকাঠি ও বরগুনা জেলাসমূহের প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই। তবে, সকল জেলার এতিমখানা নিবাসী ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীগণ প্রয়োজনীয় যোগ্যতা থাকা সাপেক্ষে আবেদন করতে পারবেন। |
| ৩। | মোটর পরিবহন ফিটার ড্রাইভার<br>টাঃ ৯৭০০-২৩৪৯০/-<br>গ্রেড-১৫ | বয়সসীমা ১৮ হতে ৩০ বৎসরের মধ্যে | ৪(চার)টি | ক) মাধ্যমিক স্কুল সার্টিফিকেট<br>খ) স্বীকৃত বোর্ড কর্তৃক প্রদত্ত মোটর মেকানিক্সে ট্রেড সার্টিফিকেট এবং<br>গ) ভারী যানবাহন চালনা লাইসেন্স। | |
| ৪। | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>টাঃ ৯৩০০-২২৪৯০/-<br>গ্রেড-১৬ | বয়সসীমা ১৮ হতে ৩০ বৎসরের মধ্যে | ৩(তিন)টি | ক) উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট এবং<br>খ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে গতি ইংরেজী ২০ ও বাংলায় ২০ শব্দ<br>(জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন মোতাবেক) | |
| ৫। | রেডিও মিস্ত্রী<br>টাঃ ৯৩০০-২২৪৯০/-<br>গ্রেড-১৬ | বয়সসীমা ১৮ হতে ৩০ বৎসরের মধ্যে | ২(দুই)টি | ক) মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (বিজ্ঞান) এবং<br>খ) স্বীকৃত বোর্ড কর্তৃক প্রদত্ত সংশ্লিষ্ট ট্রেডে সার্টিফিকেট<br>গ) নির্ধারিত প্রশিক্ষণ কোর্সের সফল সমাপণের পর স্থায়ীকরণ। | |
| ৬। | কাঠমিস্ত্রি (কার্পেন্টার)<br>টাঃ ৯৩০০-২২৪৯০/-<br>গ্রেড-১৬ | বয়সসীমা ১৮ হতে ৩০ বৎসরের মধ্যে | ৩(তিন)টি | ৮ম শ্রেণী পাশ এবং কারিগরী ইনস্টিটিউট হতে (কার্পেন্টার) ট্রেডে সার্টিফিকেট | |
| ৭। | ইঞ্জিন চালক<br>টাঃ ৯৩০০-২২৪৯০/-<br>গ্রেড-১৬ | বয়সসীমা ১৮ হতে ৩০ বৎসরের মধ্যে (বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে ৩৫ বৎসর) | ১(এক)টি | ক) বিদ্যুৎ বোর্ড হইতে বি এবং সি লাইসেন্স<br>খ) স্বীকৃত বোর্ড কর্তৃক প্রদত্ত মেকানিকসে ট্রেড সার্টিফিকেট | |
| ৮। | রং মিস্ত্রি<br>টাঃ ৯০০০-২১৮০০/-<br>গ্রেড-১৭ | বয়সসীমা ১৮ হতে ৩০ বৎসরের মধ্যে (বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৩৫ বছর) | ১(এক)টি | ক) মাধ্যমিক স্কুল সার্টিফিকেট এবং<br>খ) রং মিস্ত্রি হিসেবে ২ বৎসরের অভিজ্ঞতা। | |

চলমান পাতা-০২

| ক্রমিক নং | পদের নাম, বেতনস্কেল ও গ্রেড (জাতীয় বেতনস্কেল-২০১৫) | প্রার্থীর বয়স | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সকল জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই |
|---|---|---|---|---|---|
| ৯। | প্লাম্বার<br>টাঃ ৯০০০-২১৮০০/-<br>গ্রেড-১৭ | বয়সসীমা ১৮ হতে ৩০ বৎসরের মধ্যে | ১(এক)টি | ক) ৮ম শ্রেণি পাশ<br>খ) প্লাম্বিং ট্রেড সার্টিফিকেট | নরসিংদী, গোপালগঞ্জ, মাদারীপুর, শরিয়তপুর, টাঙ্গাইল, চট্টগ্রাম, চাঁদপুর, কুমিল্লা, খাগড়াছড়ি, ফেনী, লক্ষ্মীপুর, নোয়াখালী, জয়পুরহাট, পাবনা, সিরাজগঞ্জ, নড়াইল, বরিশাল, ভোলা, ঝালকাঠি ও বরগুনা জেলাসমূহের প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই। তবে, সকল জেলার এতিমখানা নিবাসী ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীগণ প্রয়োজনীয় যোগ্যতা থাকা সাপেক্ষে আবেদন করতে পারবেন। |
| ১০। | রাজ মিস্ত্রী<br>টাঃ ৯০০০-২১৮০০/-<br>গ্রেড-১৭ | বয়সসীমা ১৮ হতে ৩০ বৎসরের মধ্যে | ১(এক)টি | ক) ৮ম শ্রেণি পাশ<br>খ) রাজমিস্ত্রির কাজে ৩ বৎসরের অভিজ্ঞতা | |
| ১১। | সশস্ত্র নিরাপত্তা প্রহরি<br>টাঃ ৯০০০-২১৮০০/-<br>গ্রেড-১৭ | বয়সসীমা ১৮ হতে ৩০ বৎসরের মধ্যে (বিভাগীয় এবং সশস্ত্র বাহিনীর প্রার্থীদের ক্ষেত্রে ৩৫ বছর পর্যন্ত শিথিলযোগ্য) | ১৯(উনিশ)টি | ক) মাধ্যমিক স্কুল সার্টিফিকেট<br>খ) উচ্চতা পুরুষ ও মহিলা যথাক্রমে ১৬২.৫ ও ১৫২.৫ সেন্টিমিটার (৫ ফুট ৪ ইঞ্চি ও ৫ ফুট) ও উপ-জাতিদের ক্ষেত্রে ১৫৭.৫ ও ১৫০ সেন্টিমিটার (৫ ফুট ২ ইঞ্চি ও ৪ ফুট ১১ ইঞ্চি)<br>গ) ওজন পুরুষ ও মহিলা যথাক্রমে ৫০ ও ৪৫ কেজি এবং<br>ঘ) বুকের মাপ পুরুষ ও মহিলা যথাক্রমে স্বাভাবিক ৮০ ও ৮৬ সেন্টিমিটার (৩২ ইঞ্চি ও ৩৪ ইঞ্চি) এবং সম্প্রসারিত ৮৪ ও ৯০ সেন্টিমিটার (৩৩ ইঞ্চি ও ৩৫ ইঞ্চি)<br>ঙ) নির্ধারিত প্রশিক্ষণ কোর্সের সফল সমাপনের পর স্থায়ীকরণ। | |
| ১২। | মোয়াজ্জিন<br>টাঃ ৮৫০০-২০৫৭০/-<br>গ্রেড-১৯ | বয়সসীমা ২৫ হতে ৩৫ বৎসরের মধ্যে | ১(এক)টি | (ক) আলীম বা সমকক্ষ সার্টিফিকেট এবং<br>(খ) শুদ্ধ সুললিত কণ্ঠে আজান দানে সমর্থ। | |

## 'খ' বিভাগ

| ক্রমিক নং | পদের নাম, বেতনস্কেল ও গ্রেড (জাতীয় বেতনস্কেল-২০১৫) | প্রার্থীর বয়স | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সকল জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই |
|---|---|---|---|---|---|
| ১। | ট্রাফিক হ্যান্ড<br>টাঃ ৮২৫০-২০০১০/-<br>গ্রেড-২০ | বয়সসীমা ১৮ হতে ৩০ বৎসরের মধ্যে | ৪(চার)টি | মাধ্যমিক স্কুল সার্টিফিকেট | ঢাকা, গাজীপুর, মুন্সীগঞ্জ, নরসিংদী, ফরিদপুর, গোপালগঞ্জ, মাদারীপুর, শরিয়তপুর, চট্টগ্রাম, ব্রাহ্মণবাড়িয়া, চাঁদপুর, কুমিল্লা, ফেনী, লক্ষ্মীপুর, নোয়াখালী, নড়াইল, বরিশাল, ভোলা, ঝালকাঠি, বরগুনা ও পটুয়াখালী জেলাসমূহের প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই। তবে, সকল জেলার এতিমখানা নিবাসী ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীগণ প্রয়োজনীয় যোগ্যতা থাকা সাপেক্ষে আবেদন করতে পারবেন। |
| ২। | লাউঞ্জ রুম পরিচালক (লাউঞ্জ রুম এটেনডেন্ট)<br>টাঃ ৮২৫০-২০০১০/-<br>গ্রেড-২০ | বয়সসীমা ১৮ হতে ৩০ বৎসরের মধ্যে | ২(দুই)টি | মাধ্যমিক স্কুল সার্টিফিকেট | |
| ৩। | মোটর পরিবহন ক্লিনার<br>টাঃ ৮২৫০-২০০১০/-<br>গ্রেড-২০ | বয়সসীমা ১৮ হতে ৩০ বৎসরের মধ্যে | ২(দুই)টি | ৮ম শ্রেণি | |
| ৪। | মালী<br>টাঃ ৮২৫০-২০০১০/-<br>গ্রেড-২০ | বয়সসীমা ১৮ হতে ৩০ বৎসরের মধ্যে | ২(দুই)টি | ৮ম শ্রেণি ও মালীর কাজে ০২বৎসরের অভিজ্ঞতা | |

০১. নিম্নবর্ণিত শর্তাবলী আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই অনুসরণ করতে হবে:

(ক) নিয়োগ বিজ্ঞপ্তিটি www.caab.gov.bd এবং http://caab.teletalk.com.bd -তে পাওয়া যাবে।

(খ) **০১/১১/২০১৯** তারিখে প্রার্থীর বয়স বিজ্ঞপ্তির ৩নং কলামের বর্ণনা অনুযায়ী হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়স সীমা ৩২ বছর । বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

(গ) সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। চাকরিরত প্রার্থীদের সকল শর্ত পূরণ সাপেক্ষে আবেদনপত্র পূরণের সময় Departmental candidate এর ঘরে টিক চিহ্ন দিতে হবে। অন্যদের ক্ষেত্রে এই শর্ত প্রযোজ্য নয়। তবে সকল চাকরিরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি ছাড়পত্রের মূলকপি জমা দিতে হবে।

(ঘ) নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধি-বিধানে কোনো সংশোধন হলে তা অনুসরণ করা হবে। কর্তৃপক্ষ এ বিষয়ে নিয়মমাফিক যে কোন পদক্ষেপ গ্রহণের ক্ষমতা সংরক্ষণ করে। শূন্য পদ পূরণের বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(ঙ) পরীক্ষা/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না। শুধুমাত্র লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ ব্যবহারিক পরীক্ষায় (প্রযোজ্য ক্ষেত্রে) অংশগ্রহণ করতে পারবেন এবং ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন ।

(চ) মৌখিক পরীক্ষার সময় জাতীয় পরিচয়পত্রসহ সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে এবং পূরণকৃত Application form সহ সত্যায়িত একসেট ফটোকপি দাখিল করতে হবে। এছাড়া জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণক হিসেবে ইউনিয়ন/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি এবং আবেদনকারী মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা হলে আবেদনকারী যে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা এ মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌর মেয়র/সিটি কর্পোরেশন ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে এবং এতিম নিবাসী ও শারীরিক প্রতিবন্ধী, উপজাতীয় এবং আনসার ও গ্রাম প্রতিরক্ষা কোটায় আবেদনকারীদের ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদের ফটোকপি দাখিল করতে হবে। আবেদনকারীকে তার অর্জিত সর্বশেষ শিক্ষাগত যোগ্যতার বিষয়টিও উল্লেখ করতে হবে।

(ছ) কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

(জ) নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

২. আবেদনপত্র পূরণ সংক্রান্ত শর্তাবলী:

(ক) আগ্রহী প্রার্থীগণ http://caab.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i. **Online এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ১৩/১১/২০১৯ খ্রিঃ সকাল- ১০:০০ টা।**

ii. **Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ০৩/১২/২০১৯ খ্রিঃ বিকাল- ০৫:০০ টা।**

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) Online আবেদনপত্রে প্রার্থী তার স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০Xপ্রস্থ ৮০) pixel ও রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ Xপ্রস্থ ৩০০) pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ ১০০ কেবি ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ ৬০ কেবি হতে হবে।

(গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙিন প্রিন্টেড কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এককপি জমা দিবেন।

চলমান পাতা-০৪

(ঙ) SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদন (Application form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর upload করে আবেদনপত্র submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র submit সম্পন্ন করা প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী প্রিন্ট/ডাউনলোড করে সংরক্ষণ করবেন। Applicant's copy-তে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ সকল পদের জন্য পরীক্ষার ফি বাবদ ২০০/-(দুইশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ ২৪/- (চব্বিশ) টাকাসহ মোট ২২৪/- (দুইশত চব্বিশ) টাকা অনলাইনে আবেদন submit-এর পর অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। **"এখানে বিশেষভাবে উল্লেখ্য যে Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না "।**

প্রথম SMS: CAAB<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।
*Example:* CAAB *ABCDEF*

Reply: Applicant's name, TK. 224 will be charged as application fee. Your PIN is xxxxxxxxx. To pay fee type CAAB <space>YES<space>PIN and send to 16222

দ্বিতীয় SMS: CAAB<space>YES<space> PIN লিখে send করতে হবে 16222 নম্বরে।
*Example:* CAAB *YES xxxxxxxx*

Reply: Congratulations Applicant's name, payment completed successfully for CAAB. Application for xxxxxxx User ID is (ABCDEF) and password (********)

(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://caab.teletalk.com.bd অথবা বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের ওয়েবসাইট-এ এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রেখে SMS read করা এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

(ছ) SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙ্গিন প্রিন্ট করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

(জ) শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

i. User ID জানা থাকলে: CAAB<space>Help<space>User<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।
   *Example:* CAAB *HELP USER ABCDEF*
ii. PIN Number জানা থাকলে: CAAB<space>Help<space>PIN<space>PIN No লিখে Send করতে হবে 16222 নম্বরে।
   *Example:* CAAB *HELP PIN ********

(ঝ) Online-এ আবেদন করতে কোনো সমস্যা হলে ১২১ নম্বরে অথবা vas.query@teletalk.com.bd এ-মেইলে যোগাযোগ করা যাবে।

৩. প্রার্থীর যোগ্যতা যাচাই:

প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/ জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যে কোনো প্রার্থীর প্রার্থিতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত কাগজপত্রের মূলকপি প্রদর্শন পূর্বক প্রতিটির ০১টি করে সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

ক. প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতা সনদপত্রসহ)।

খ. প্রার্থী যে ইউনিয়ন/পৌরসভা-এর বাসিন্দা সে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্র।

গ. মহিলা কোটা ব্যতীত অন্যান্য কোটা দাবির সমর্থনে প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্রের সত্যায়িত অনুলিপি।

ঘ. ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের কাউন্সিলর/প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

ঙ. জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত অনুলিপি।

চ. Online-এ পূরণকৃত আবেদনপত্রের প্রিন্টেড কপি (Applicant's copy)।

৪. নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যে কোনো বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

৫. যে কোন ধরণের তদবীর প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে । কেউ তথ্য গোপন করে চাকরি গ্রহণ করলে নিয়োগপত্র বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে ।

৬. কর্তৃপক্ষ, সরকারি বিধি-বিধানের সাথে সাংঘর্ষিক নয় এমনভাবে কোন শর্ত পরিবর্তন বা অতিরিক্ত শর্ত সংযোজন করতে পারবে। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগ বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

৭. আবেদনপত্র জমাদান, লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ বা তুলনামূলক যোগ্যতায় উচ্চমান অর্জনের মাধ্যমে কোন প্রার্থী সংশ্লিষ্ট পদে নিয়োগের জন্য কোনো "আইনি" বা "মানবিক অধিকার" অর্জন করবেন না।

৮. আবেদনপত্র বাছাই ও নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি উত্থাপন করা যাবে না।

৯. কোনো প্রকার তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

১০. নিয়োগকৃতদের বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের আওতাধীন যে কোনো দপ্তর/বিভাগ/ইউনিট/বিমানবন্দরে পদায়ন করা হবে।

১১. উপরে উল্লেখ করা হয়নি এমন ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে।

১১/১১/২০১৭
(মোহাম্মদ নূরুল ইসলাম)
উপ-পরিচালক (প্রশাসন)
বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ।